

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

আইসিটি (অপারেশন) বিভাগ, সদর দপ্তর, ঢাকা

অফিস আদেশ নম্বরঃ ১২.০৪.২০২০

তারিখঃ ১০-০২-২০২০

প্রজাতন্ত্রের নাগরিক সেবা দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকারী সংস্থা পর্যায়ে একজন ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের জন্য মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক গেজেট আকারে প্রকাশিত প্রজ্ঞাপনের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এবং বিগত ২৯.০১.২০২০ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নোক্ত সদস্যগণকে নিয়ে বিএইচবিএফসি'র ইনোভেশন টিম পুনঃগঠন করা হলো।

ক্রম	নাম	পদবী	ইনোভেশন কমিটিতে অবস্থান
১)	জনাব চানু গোপাল ঘোষ	মহাব্যবস্থাপক	ইনোভেশন অফিসার
২)	জনাব অরুন কুমার চৌধুরী	মহাব্যবস্থাপক	সদস্য
৩)	জনাব মোঃ নাজমুল হোসেন	মহাব্যবস্থাপক	সদস্য
৪)	জনাব মোঃ নূর আলম সরদার	উপ-মহাব্যবস্থাপক	সদস্য
৫)	জনাব রকিব-দোজা-আকন্দ	এসপিও	সদস্য
৬)	জনাব রাজীব বণিক	প্রিন্সিপাল অফিসার	ডেপুটি অফিসার
৭)	জনাব আহসান হাবীব রাসেল	প্রোগ্রামার	সদস্য
৮)	জনাব মোঃ রফিকুল ইসলাম	সিনিয়র অফিসার	সদস্য

কমিটির টার্মস অব রেফারেন্স:

- ১) মন্ত্রীপরিষদ বিভাগের উল্লিখিত প্রজ্ঞাপন ও এতদসংক্রান্ত সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনার আলোকে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন সুসংহতকরণে উদ্ভাবন চর্চার কার্যক্রমকে প্রাতিষ্ঠানিকরূপে প্রদানের লক্ষ্যে নিরবিচ্ছিন্ন প্রচেষ্টা অব্যাহত রাখার আলোকে বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন;
- ২) এতদসংক্রান্ত নির্দেশনার আলোকে ইনোভেশন টিমের কার্যক্রম মূল্যায়ন, এতদসংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন তৈরী ও প্রচার/প্রকাশ নিশ্চিত করা এবং মন্ত্রীপরিষদ বিভাগ/ মন্ত্রনালয়ে প্রেরণ করা;
- ৩) এটুআই, মন্ত্রীপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট মন্ত্রনালয়/বিভাগ ও সংস্থার সাথে উদ্ভাবনী ধারণা (Innovative Idea) সংক্রান্ত যোগাযোগ সহ প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্নকরণ ইত্যাদি;
- ৪) পুনঃগঠিত এ টিম সদর দপ্তর, পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগের ২০-১২-২০১৮ তারিখের ০৯.২৫.২০১৮ সন্থর অফিস আদেশে গঠিত ইনোভেশন টিমের স্থলাভিষিক্ত হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ শাহজাহান)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

সূত্র: ৫৩.১৪.০০০০.১৭০.৩৯.১১৮.১৫.১ ৪ ৩ ৮ (২৬) .

তারিখ: ১০/০২/২০২০
১১

অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১) মহাব্যবস্থাপক (সকল) , বিএইচবিএফসি, সদর দপ্তর, ঢাকা।
- ২) উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান (সকল) , বিএইচবিএফসি, সদর দপ্তর, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দপ্তর, ঢাকা।
- ৫) অফিস কপি।